

স্মারক নং:

তারিখ:

স্থান: কামারখালী ইউ.পি.সি ভবন।

তারিখ: ২৮/০৭/২০২২ ইং

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতি : জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

- জনাব মমতাজ বেগম
- জনাব মোছাঃ জহুরা বেগম
- জনাব মোছাঃ আসমা বেগম
- জনাব মোঃ জসিম শেখ
- জনাব মোঃ আলমগীর হোসেন
- জনাব মোঃ গোলাম ছরোয়ার
- জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
- জনাব মোঃ মতিয়ার রহমান
- জনাব মোঃ আশরাফ মোল্যা
- জনাব মোঃ আবুল কালাম আজাদ
- জনাব মোঃ সাজেদুল ইসলাম
- জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে জুলাই/২০২২ ইং মাসের সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করা হইল।

সভায় সভাপতি মহোদয় এলজিএসপি-৩ প্রকল্পের প্রস্তাবনা সম্পর্কে আলোকপাত করেন। সভাপতি মহোদয় আরও বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় ওয়ার্ড নং ১, ৬, ৮ ও ৯ হতে উনুক্ত ওয়ার্ড সভায় বিস্তারিত আলোচনান্তে অধিকার এর ভিত্তিতে স্কীমগুলো অত্র কার্যালয়ে প্রস্তাবনা পাঠান। ২০২২-২৩ অর্থবছরে আইডিএ বরাদ্দ হইতে (০১)- ওয়ার্ড নং-১ এ চরপুখুরিয়া মনিরুল বিশ্বাসের বাড়ী হইতে চরপুখুরিয়া মসজিদ পর্যন্ত রাস্তার ফ্ল্যাট সোলিং বাবদ ৭৫,০০০/=কথায়: (পঁচাত্তর হাজার) টাকা, (০২)- ওয়ার্ড নং-০৬ এ সালামতপুর পূর্বপাড়া সাইফুলের দোকান হইতে লিটন মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তা ফ্ল্যাট সোলিং নির্মাণ বাবদ ৭৫০০০/=কথায়: (পঁচাত্তর হাজার) টাকা, (০৩)-ওয়ার্ড নং-০৯ এ মছলন্দপুর হিন্দুপাড়ার আকমল মৃধার বাড়ির নিকটে ও আশ্রম মন্দির সংযোগ রাস্তার ফ্ল্যাট সোলিং বাবদ ৭৫,০০০/=কথায়: (পঁচাত্তর হাজার) টাকা এবং (০৪)- ওয়ার্ড নং-০৮ এ কামারখালী উচ্চ বিদ্যালয়ে পশ্চিম পাশের ড্রেন ও কালভার্ট স্থাপন বাবদ ১,৭২,২৬৪/= কথায়: (এক লক্ষ বাহাত্তর হাজার দুইশত চৌষট্টি) টাকার বরাদ্দ পাওয়া যাইবে। যাহা ২০২২-২০২৩ অর্থবছরে উক্ত টাকা দ্বারা নীতিমালা অনুযায়ী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে হইবে। ওয়ার্ডগুলি হইতে উনুক্ত ওয়ার্ড সভার মাধ্যমে উপস্থিত জনগণ তাদের চাহিদা মোতাবেক স্কীমের তালিকা ইউপি অফিসে জমা দেওয়ার পর যাচাই বাছাই করার জন্য স্ব-স্ব স্ট্যাডিং কমিটির নিকট প্রেরণ করা হয়। তারপর উক্ত কমিটি যাচাই বাছাই করিয়া চলতি অর্থ বছরে বাস্তবায়ন যোগ্য স্কীমের তালিকা পুনরায় ইউপি অফিসে জমা দিয়াছে। এখন উক্ত স্কীম অত্র সভায় অনুমোদন করিয়া চূড়ান্ত অনুমোদনের জন্য ব্লক গ্রান্ড কো-অর্ডিনেশন কমিটিতে (বিজিসি) প্রেরণ করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্ট্যাডিং কমিটির সুপারিশ অনুযায়ী যাচাই বাছাই সাপেক্ষে নিম্নলিখিত স্কীমটি চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা বিজিসি সভায় প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হইলো।

২০২২-২০২৩ অর্থবছর

ক্রমিক নং	স্কীমের নাম	ওয়ার্ড নম্বর	বরাদ্দ	মন্তব্য
০১.	চরপুখুরিয়া মনিরুল বিশ্বাসের বাড়ী হইতে মসজিদ পর্যন্ত রাস্তার ফ্ল্যাট সোলিং নির্মাণ।	০১	৭৫,০০০/=	আইডিএ বরাদ্দ
০২.	সালামতপুর পূর্বপাড়া সাইফুলের দোকান হইতে লিটন মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তার ফ্ল্যাট সোলিং নির্মাণ।	০৬	৭৫,০০০/=	আইডিএ বরাদ্দ
০৩	মছলন্দপুর হিন্দুপাড়ার আকমল মৃধার বাড়ির নিকটে ও আশ্রম মন্দির সংযোগ রাস্তার ফ্ল্যাট সোলিং এবং	০৯	৭৫,০০০/=	আইডিএ বরাদ্দ
০৪	কামারখালী উচ্চ বিদ্যালয়ে পশ্চিম পাশের ড্রেন ও কালভার্ট স্থাপন বাবদ।	০৮	১,৭২,২৬৪/=	আইডিএ বরাদ্দ
	মোট:	-	৩,৯৭,২৬৪/=	

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শেষ করেন।



২৮/০৭/২০২২
(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

সভাপতি

ও

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।